দৈনিক ইনকিলাব

19 OCT 1992

তারিখ ... 19 OCT 1992 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৬ ...

22

শিক্ষাঙ্গন

## শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচী

সরকার প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক করেছেন, বই-পুস্তক বিনামূল্যে বিতরণের ব্যবস্থা নিয়েছেন। কিন্তু এরপরও শিক্ষা ব্যবস্থার খুব একটা উন্নয়ন ঘটেছে বলে মনে হয়না। মফঃস্বলের শতকরা ৫০ থেকে ৬০ ভাগ শিশু এখনো স্কুলমুখী হচ্ছে না। শিশুদের স্কুলমুখী না হওয়ার মূল কারণ শিশুদের বেঁচে থাকার জন্য খাদ্যের অভাব। শিশুর পিতামাতা তার খাদ্যের যোগান না দিতে পারায় শিশুটিকেই নেমে পড়তে হয় নিজের খাদ্যের সন্ধান। তাই এ সকল দুস্থ পরিবারকে চিহ্নিত করে একমাত্র তাদের পরিবারের শিশুদের জন্য শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচী নামে একটি প্রোগ্রাম প্রণয়ন করা যেতে পারে। যেমন করা হয়েছে ভিজিডি প্রোগ্রাম, গুচ্ছগ্রাম প্রোগ্রাম, জিসিসি আর প্রোগ্রাম ইত্যাদি। এই ধরনের প্রকল্প গ্রহণ করে এ দরিদ্র দেশটির বৃহৎ জনগোষ্ঠীকে অল্প সময়ে শিক্ষিত করে তাদের সচেতনতা বাড়ানো যেতে পারে, অন্ধকার থেকে রক্ষা পেতে পারে আমাদের ভবিষ্যৎ প্রজন্ম।

—আবদুলাহ্ হিস শাফী টোটন